

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ

ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
www.gopalganj.gov.bd

“গণ বিজ্ঞপ্তি”

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৯.২৩-৭২২, তারিখ: ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ/ ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ অনুযায়ী আমি কাজী মাহবুবুল আলম, জেলা প্রশাসক, গোপালগঞ্জ ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে বাংলাদেশ নির্বাচন কমিশন আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ/ ২৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ তারিখে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেনঃ-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩ তারিখ	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ের রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে উক্ত নির্বাচন সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে “২১৭ গোপালগঞ্জ -৩” নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয় (জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ) ও আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া এবং উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।



কাজী মাহবুবুল আলম
জেলা প্রশাসক, গোপালগঞ্জ

তারিখ ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
২১৭ গোপালগঞ্জ-৩

ফোন-০২-৪৭৮৮২১৭২০ (অফিস)
Email: dcgopalganj@mopa.gov.bd

নম্বর-০৫.৩০.৩৫০০.০০৫.৩২.০৫৭.২৩- ২০২২

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ২। মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা;
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
- ৪। উপ-মহাপুলিশ পরিদর্শক, ঢাকা বিভাগ, ঢাকা;
- ৫। পুলিশ সুপার, গোপালগঞ্জ;
- ৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর;
- ৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ;
- ৮। জেলা নির্বাচন অফিসার, গোপালগঞ্জ;
- ৯। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, টুঞ্জিপাড়া/ কোটালীপাড়া, গোপালগঞ্জ (গণ-বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর জন্য অনুরোধসহ);
- ১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গোপালগঞ্জ;
- ১১। জেলা তথ্য অফিসার, গোপালগঞ্জ (তথ্যটি বহল প্রচারের অনুরোধসহ);
- ১২। উপজেলা নির্বাচন অফিসার টুঞ্জিপাড়া/ কোটালীপাড়া, গোপালগঞ্জ;
- ১২। অফিসার ইন-চার্জ(সকল), গোপালগঞ্জ;
- ১৩। সভাপতি/সম্পাদক..... প্রেসক্লাব, গোপালগঞ্জ;
- ১৪। নোটিশ বোর্ড।

জেলা প্রশাসক, গোপালগঞ্জ

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

২১৭ গোপালগঞ্জ-৩